সমকাল

তারিখ ... 29 JUL 2015 ...
পৃষ্ঠা ... ১১ ... কলাম ... ৮ ...

জাবি সাংবাদিকতা বিভাগ

# শিক্ষকদের দ্বন্দ্ব নিরসনে তদন্ত কমিটি

■ জাবি প্রতিনিধি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) গণমাধ্যম ও সাংবাদিকতা বিভাগের চার শিক্ষকের অন্তর্দ্বন্দ্ব নিরসনে বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক আবুল হোসেনকে প্রধান করে পাঁচ সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে।

গতকাল মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার আবু বকর সিদ্দিক স্বাক্ষরিত এক অফিস আদেশে এ তথ্য জানানো হয়। মাস তিনেক আগে (৫ মে ২০১৫) ওই বিভাগের তিন সহকারী অধ্যাপক বিভাগীয় সভাপতি আমিনা ইসলামের বিরুদ্ধে 'শিক্ষকদের সঙ্গে অসৌজন্যমূলক ও প্রভুসুলভ আচরণ, দুর্নীতিসহ নানা অভিযোগ এনে তার অপসারণ দাবি করে উপাচার্যের কাছে লিখিত অভিযোগ দেন। এর পাশাপাশি অভিযোগকারী তিন শিক্ষক শিক্ষার্থীদের পাঠদান থেকেও বিরত থাকেন।

অভিযোগকারী তিন সহকারী অধ্যাপক হলেন শেখ আদনান ফাহাদ, রাকিব আহমেদ এবং উজ্জ্বল কুমার মণ্ডল।

সোমবার টানা তিন মাস ক্লাস না হওয়ায় শিক্ষার্থীরা উপাচার্য অধ্যাপক ফারজানা ইসলামের সঙ্গে সাক্ষাৎ করে তার হস্তক্ষেপ কামনা করে। এর পরিপ্রেক্ষিতে তদন্ত কমিটি গঠন করা হলো।